


# যুগান্তর

## ধর্মঘটে যবিপ্রবিতে ভর্তিচ্ছুদের পরিবহনে বিশেষ ব্যবস্থা

প্রকাশ : ২১ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যশোর ব্যুরো

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান/প্রফেশনাল) শ্রেণির প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। অনির্দিষ্টকালের পরিবহন ধর্মঘটের কারণে ভর্তিচ্ছু পরীক্ষার্থীদের যাতায়াতে পরিবহনের বিশেষ ব্যবস্থা করা হয়েছে। যশোর শহরের মণিহার, চাঁচড়া, রেলস্টেশনের কাছে চারখানার মোড়, পালবাড়ী থেকে ক্যাম্পাস পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় এসব পরিবহন চলবে।

যবিপ্রবির সহকারী পরিচালক (জনসংযোগ) হায়াতুজ্জামান জানান, বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে কেন্দ্রীয় ভর্তি কমিটির জরুরি সভায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরিবহনে এ পদক্ষেপ নেয়া হয়। কয়েকটি রুটে বাস চলাচল বন্ধ থাকায় যশোর রেলস্টেশনে সর্বোচ্চসংখ্যক পরীক্ষার্থী এসে পৌঁছবেন বলে ধারণা করা হচ্ছে। এ কারণে সকাল সাড়ে ৬টার মধ্যে যবিপ্রবির সহায়তাকারী দল যশোর রেলস্টেশনে উপস্থিত থাকবে। তারা ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বাসের অবস্থান চিনিয়ে দিতে সহায়তা করবেন। এছাড়া যশোর শহরের মণিহার-ক্যাম্পাস, চাঁচড়া-ক্যাম্পাস রুটের গাড়িগুলো নির্ধারিত সময় ছাড়াও সকাল ৯টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত বিরতিহীনভাবে চলাচল করবে। একই সঙ্গে পালবাড়ী-ক্যাম্পাস রুটে সকাল ৭টা থেকে বিকাল ৩টা পর্যন্ত দুটি বাস চলাচল করবে।

যবিপ্রবির শেখ হাসিনা ছাত্রী হলে ভর্তিচ্ছু ছাত্রী ও তাদের নারী অভিভাবক এবং শহীদ মসিয়ূর রহমান হলে ভর্তিচ্ছু ছাত্র ও তাদের পুরুষ অভিভাবকদের জন্য থাকা ও বিশ্রামের বিশেষ ব্যবস্থা নেয়া হয়েছে। ভর্তিচ্ছু শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের ওঠানামার সুবিধার্থে সংশ্লিষ্ট কেন্দ্রের নিচতলায় তাদের পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা হবে। একই সঙ্গে কেন্দ্রে উপস্থিত সহায়তাকারী দল তাদের সহযোগিতায় সচেষ্ট থাকবে। এছাড়া কোনো পরীক্ষার্থী যথাসময়ে কেন্দ্রে না পৌঁছতে পারলে নিকটস্থ কেন্দ্রে তার পরীক্ষা নেয়ার ব্যবস্থা থাকবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।